The Business Standard

23 JUL 2026

Textile mills want refinancing scheme, RMG uninterrupted gas

STAR BUSINESS REPORT

Textile millers yesterday urged the government to introduce a special refinancing scheme for existing loans to export-oriented primary textile industries with a maximum interest rate of 5 percent.

The millers made the demand during a meeting with Prime Minister Tarique Rahman at his secretariat office in Dhaka. Bangladesh Textile Mills Association (BTMA) President Showkat Aziz Russell led the delegation.

They also urged the government to quickly implement the announced Tk 20,000 crore working capital support package through simplified procedures, project-based Credit Information Bureau (CIB) assessments, and temporary relaxation of CIB requirements for closed or partially operational industrial enterprises.

They also sought the adoption of a competitive policy framework through a coordinated tariff and tax structure, financial support measures, and export promotion policies for the primary textile and export-oriented readymade (RMG) industries in line with those of competing countries.

They also urged the Prime Minister's Office to ensure the prompt and efficient delivery of government services to export-oriented industries.

In response, the prime minister directed the formation of a high-level committee comprising the commerce minister, the prime minister's adviser on finance and planning, and the Bangladesh Bank governor, according to a BTMA statement.

The committee will convene its first meeting within one week to review the existing challenges facing the primary textile sector and submit its recommendations.

At the meeting, the BTMA handed over a Tk 5 crore cheque to the prime minister's relief and welfare fund.

Meanwhile, a delegation of the board of directors of the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), led by its president, Mahmud Hasan Khan, met with the prime minister yesterday.

The BGMEA leaders demanded an uninterrupted supply of gas and electricity to keep factories operational and ensure the timely shipment of export orders.

The manufacturers made the demand during a meeting with Prime Minister Tarique Rahman at his secretariat office

The delegation highlighted the adverse impact of the recent energy crisis on production and the increased operating costs incurred by factories due to their reliance on alternative power sources.

BGMEA also strongly requested the establishment of a dedicated mechanism under the Prime Minister's Office to facilitate the prompt resolution of issues relating to customs, banking, gas, electricity, and other government services for export-oriented industries, according to a BGMEA statement.

The association also proposed that the prime minister introduce a permanent policy under which annual customs bond audits would be conducted by leading professional audit firms to eliminate the complexities associated with frequent audits by the National Board of Revenue and bond authorities.

In view of the inadequate cargo handling capacity at Hazrat Shahjalal International Airport, which has led to increased lead times, BGMEA requested urgent measures to construct a temporary cargo shed.

The leading trade body also requested the allocation of suitable government land in Gazipur, the country's largest apparel manufacturing hub, to establish a modern specialised hospital for garment workers, ensuring affordable, quality healthcare services for millions of workers.

ঢাকা।

The Business Standard

23 JUL 2026

Cenbank eases forex rules for freelancers, service exporters

BANKING - BANGLADESH

TBS REPORT

The new rules further allow banks to issue dual-currency freelancer cards

The Bangladesh Bank has eased foreign exchange regulations for freelancers and individual service exporters in a move aimed at supporting the country's growing digital services sector.

In a circular issued yesterday, the central bank said freelancers will now be able to receive export payments using digital evidence instead of traditional export documents.

Under the new guidelines, electronic records such as platform statements, emails and other digital communications will be accepted as proof of service exports, simplifying payment processing for freelancers working on global digital platforms.

The circular also allows banks to credit inward remittances of up to $20,000 without requiring formal declarations. Online Payment Gateway Service Providers will be able to process payments of up to $10,000 per transaction while ensuring the timely repatriation of export earnings.

The new rules further allow banks to issue dual-currency freelancer cards. Freelancers and service exporters will also be able to make wider use of Mobile Financial Service Providers and Payment Service Providers to receive payments.

The Bangladesh Bank has also expanded foreign currency retention facilities for service exporters. Freelancers in the ICT sector will now be allowed to retain up to 50% of their export earnings in foreign currency accounts under the Exporters' Retention Quota facility, while other service exporters will be able to retain up to 30%.

Market participants said the changes reflect the growing importance of digital trade and freelance work. They expect the simplified procedures to encourage more freelancers to use formal payment channels and improve transparency in service export earnings.

SEE PAGE 4 COL 6

The move is also expected to strengthen foreign exchange inflows by making it easier for freelancers and individual service exporters to repatriate their earnings.

Business insiders said the initiative would improve the ease of doing business for freelancers and help integrate Bangladesh's service exporters further into the global digital economy, while supporting the country's goal of building a knowledge-based, digitally driven export ecosystem.

The Daily Star

23 JUL 2026

Bicycle exporters look beyond recovery to post-LDC challenges

JAGARAN CHAKMA

Bangladesh's bicycle industry is moving beyond simple assembly towards deeper manufacturing, with exporters increasingly producing components locally to strengthen competitiveness in global markets.

But industry leaders say substantially higher local value addition will be essential to retain preferential market access after the country's graduation from the least developed country (LDC) category.

Manufacturers are now investing in local component production to reduce their import dependence and meet stricter rules of origin that will apply after LDC graduation.

The shift comes as bicycle exports continue to recover. According to the Export Promotion Bureau (EPB), bicycle exports earned $151 million in FY2025-26, up around 30 percent from $116 million a year earlier.

Industry executives say the recovery reflects Bangladesh's improving manufacturing capability, competitive production costs and established relationships with European buyers.

However, RN Paul, managing director of RFL Group, noted that the rise in bicycle exports reflects a recovery from last year's unusually weak base rather than a full-fledged market rebound.

"Exports have bounced back, but the market is still well below where it was three or four years ago, including 2022," he said. "It's a case of things getting better from a very bad situation, not a boom."

He attributed the recent improvement to some overseas buyers resuming orders after a prolonged slowdown rather than the emergence of new export destinations.

Paul said global demand for conventional bicycles remains subdued as consumers gradually shift towards electric bicycles, which typically cost about 30 percent more. At the same time, economic uncertainty caused by ongoing geopolitical conflicts has made consumers more cautious about spending.

"The transition to e-bikes is happening, but volumes are not growing at the pace we expected," he said.

RFL has introduced e-bikes in both the domestic and export markets, although demand remains limited, he added.

While RFL is navigating a gradual recovery in demand, other manufacturers are focusing on expanding local production to strengthen their long-term competitiveness.

Md Luthful Bari, chief operating officer of the Tyre Division of Meghna Group of Companies, said the company manufactures most bicycle components locally, including frames, forks, rims, tyres, tubes, pedals, saddles, handlebars and grips. Only a few specialised inputs, such as paint and Shimano gear systems for multi-gear bicycles, are imported.

He said specialised bicycle paint is not produced in Bangladesh and attracts an import duty of about 60 percent, increasing production costs.

Multi-gear components are also imported because overseas buyers prefer internationally recognised brands such as Shimano, while steel sheets and rods are brought in as raw materials.

Bari said local value addition ranges between 50 percent and 70 percent, depending on the type and specifications of the bicycle.

Meghna's exports are gradually gaining momentum after a prolonged slowdown, with Germany remaining its largest market, followed by Denmark.

The company is also expanding into new European markets, although exports to Italy have declined.

"Export orders are improving gradually," Bari said, expressing optimism that overseas demand will continue to recover.



READ MORE ON B3

FROM PAGE B1

He added that Meghna began manufacturing high-end carbon fibre frames and forks a few years ago, claiming it was the first company in South Asia to do so.

The company plans to start producing fully carbon fibre bicycles soon, targeting the premium segment of the global market.

Newer manufacturers are also making significant investments with the post-LDC trade regime in mind.

Among the new entrants, Akij Bicycle Industries is building its strategy around increasing domestic value addition.

Sayed Joynul Abedin, chief executive officer of Akij Bicycle Industries Ltd, said the company began exporting bicycles in March after spending the previous two years establishing its manufacturing facilities.

"So far, we have exported to three European countries -- the Netherlands, Poland and Germany. The response has been encouraging, and we already have several export orders in hand," he said.

The company expects to export around 100,000 bicycles this year.

Abedin said Akij has invested about Tk 250 crore, including land acquisition and factory development, in its bicycle manufacturing project in Mirzapur, Tangail.

He said increasing local value addition has become a strategic priority as Bangladesh prepares to graduate from LDC status.

"At present, we can qualify for export preferences with around 30 percent value addition. After LDC graduation, the requirement will rise to about 50 percent. Keeping that in mind, we are investing in tyre manufacturing, which we expect to begin commercial production next year and help raise local value addition," he said.

The factory currently employs around 800 workers, with the workforce expected to exceed 1,000 by the end of the year, he added.

কালবেলা

23 JUL 2026

বাণিজ্যে টেকসই প্রবৃদ্ধির জন্য নীতিসহায়তা চান ব্যবসায়ীরা

প্রধানমন্ত্রীর সঙ্গে তিন ব্যবসায়ী সংগঠনের নেতাদের সাক্ষাৎ

কালবেলা প্রতিবেদক »

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ) ও রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)। গতকাল বুধবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এ সাক্ষাতে ব্যবসায়ীরা তাদের নিজ নিজ খাতের বিদ্যমান চ্যালেঞ্জগুলো তুলে ধরেন। সেইসঙ্গে চলমান সংকট নিরসন, ভবিষ্যৎ সম্ভাবনা ও বাণিজ্যের টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করতে বেশ কিছু নীতিগত সহায়তা কামনা করেন।

সংকট মোকাবিলায় ও রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে বিজিএমইএর প্রস্তাব: বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খানের নেতৃত্বে সংগঠনটির পরিচালনা পর্ষদের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। বৈঠকে বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং উপদেষ্টা মাহদী আমিন উপস্থিত ছিলেন।

সাক্ষাতে তৈরি পোশাক খাতে পণ্য বৈচিত্র্যকরণ, রপ্তানি খাতের সম্প্রসারণ এবং আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্রতিযোগী সক্ষমতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় বিজিএমইএ নেতারা আন্তর্জাতিক বাজারে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে তাল মিলিয়ে টিকে থাকার লক্ষ্যে সমন্বিত শুল্ক-কর, আর্থিক এবং রপ্তানি সহায়ক নীতিমালা প্রণয়নের পাশাপাশি সার্বিক প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধিতে প্রয়োজনীয় নীতিগত সহায়তার বিষয়ে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন।

এ সময় দেশের তৈরি পোশাক শিল্পের টেকসই প্রবৃদ্ধি ও সুরক্ষা নিশ্চিতে সংগঠনটির পক্ষ থেকে প্রধানমন্ত্রীর কাছে বেশকিছু প্রস্তাব দেওয়া হয়। এর মধ্যে রয়েছে, কারখানাগুলোর উৎপাদন সচল রাখা এবং সঠিক সময়ে পণ্য শিপমেন্ট নিশ্চিত করতে গ্যাস ও বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া; কাস্টমস বন্ড অডিট সহজীকরণ এবং বিমানবন্দরে অস্থায়ী কার্গো শেড নির্মাণ করা।

বিজিএমইএ সূত্রে জানা গেছে, বৈঠকে বিজিএমইএ প্রতিনিধিদলের উত্থাপিত বিষয়গুলো পর্যালোচনা ও সমাধানে বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খানের সমন্বয়ে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠন করে দেন প্রধানমন্ত্রী।

পাঁচ নীতিসহায়তা চান বিটিএমএর নেতারা: গতকাল প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে বিটিএমএর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সংগঠনের সভাপতি শওকত আজিজ। সাক্ষাতে তৈরি পোশাক ও বস্ত্র খাতের প্রতিযোগিতা সক্ষমতা ধরে রাখতে প্রধানমন্ত্রীর কাছে পাঁচটি নীতিসহায়তা চান বস্ত্রকল মালিকরা। এর মধ্যে রয়েছে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে সামঞ্জস্য রেখে প্রাইমারি টেক্সটাইল ও রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের জন্য সমন্বিত শুল্ককর, আর্থিক ও রপ্তানি সহায়ক নীতিমালা প্রণয়ন। রপ্তানিমুখী শিল্পের বিদ্যমান সব ঋণের জন্য বিশেষ পুনঃঅর্থায়ন কর্মসূচির আওতায় সর্বোচ্চ ৫ শতাংশ সুদহার নির্ধারণ।

সংগঠনটির পক্ষ থেকে জানা গেছে, বিষয়গুলো পর্যালোচনা ও সমাধানে কমিটি গঠন করে দিয়েছেন প্রধানমন্ত্রী। এতে তারা সন্তুষ্ট এবং আশাবাদী।

আবাসন খাতের উন্নয়নে রিহ্যাবের ৬ দফা প্রস্তাবনা: রিহ্যাবের প্রেসিডেন্ট ড. আলী আফজালের নেতৃত্বে একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। সাক্ষাতে দেশের আবাসন খাতের উন্নয়ন, পরিকল্পিত নগরায়ণ এবং সাধারণ মানুষের আবাসন নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর কাছে ৬ দফা প্রস্তাবনা তুলে ধরে রিহ্যাব। এর মধ্যে রয়েছে পরিকল্পিত বাংলাদেশ গড়তে জাতীয় ভূমি জোনিং নীতিমালা প্রণয়ন; নিম্ন ও নিম্নমধ্যবিত্তের জন্য পিপিপিভিত্তিক আবাসন কর্মসূচি; মধ্যবিত্তের জন্য সিঙ্গেল ডিজিট সুদে দীর্ঘমেয়াদি হাউজিং লোন চালু; নিবন্ধন ব্যয়, ভ্যাট ও কর কাঠামো যৌক্তিকীকরণ।

রিহ্যাব জানিয়েছে, তাদের উপস্থাপিত দাবিগুলো ইতিবাচকভাবে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী।

ঢাকা।

প্রথম আলো
23 JUL 2026

বস্ত্র খাতে উচ্চপর্যায়ের কমিটি গঠন

প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক

প্রধানমন্ত্রীর সঙ্গে গতকাল বস্ত্রশিল্পের মালিকদের সমিতি বিটিএমএ, পোশাক শিল্পমালিকদের সংগঠন বিজিএমইএর নেতারা আলাদা বৈঠক করেন।

- বর্তমানে বস্ত্র কারখানাগুলো সক্ষমতার ৬০%-৭০% ব্যবহার করতে পারছে।
- নিরবচ্ছিন্ন গ্যাস-বিদ্যুৎসহ একগুচ্ছ দাবি জানিয়েছে পোশাক খাত।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনায় বস্ত্র খাতের সমস্যা সমাধানে উচ্চপর্যায়ের একটি কমিটি গঠিত হয়েছে। কমিটিতে আছেন ব্যণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান। কমিটি এক সপ্তাহের মধ্যে বস্ত্র খাতের ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করে বিদ্যমান সমস্যা পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ করবে।

প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল বুধবার ঢাকায় সচিবালয়ে বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশনের (বিটিএমএ) একটি প্রতিনিধিদলের সঙ্গে বৈঠককালে এ কমিটি গঠনের নির্দেশনা দেন। তিনি বলেন, কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার সমস্যা সমাধানে যথাযথ পদক্ষেপ নেবে। প্রধানমন্ত্রীর প্রেস উইং ও বিটিএমএর পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বৈঠকে বস্ত্র খাতের প্রতিযোগিতা সক্ষমতা ধরে রাখতে পাঁচটি নীতিসহায়তা দাবি করেন ব্যবসায়ীরা। তাঁরা বলেন, গ্যাস ও বিদ্যুতের সীমিত সরবরাহ, জ্বালানি ব্যয় বৃদ্ধি, উচ্চ সুদহার, চলতি মূলধনের সংকট, টাকার অবমূল্যায়ন ও সীমিত ব্যাংক অর্থায়নের কারণে খাতটি কঠিন পরিস্থিতির মুখে পড়েছে। ফলে অধিকাংশ বস্ত্র কারখানা স্থাপিত সক্ষমতার ৬০ থেকে ৭০ শতাংশ ব্যবহার করতে পারছে। ২০১৯ সাল থেকে ২৪৪টি টেক্সটাইল মিল ও ৪৫০টির বেশি রপ্তানিমুখী তৈরি পোশাক কারখানা উৎপাদন বন্ধ করেছে।

বিটিএমএর প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সংগঠনের সভাপতি শওকত আজিজ। প্রতিনিধিদলে ছিলেন সংগঠনটির সাবেক সভাপতি এ মতিন চৌধুরী, বর্তমান সহসভাপতি মো. আবুল কালাম ও মো. শামীম ইসলাম, পরিচালক চৌধুরী মোহাম্মদ হানিফ সোয়েব ও বাদশা মিয়া, সারেক পরিচালক রাজীব হায়দার, আমানত শাহ গ্রুপের চেয়ারম্যান মো. হেলাল মিয়া, মুন্নু ফেব্রিকসের এমডি শামিউল ইসলাম প্রমুখ।

বিটিএমএর নেতারা দেশি সুতা ব্যবহারে নগদ সহায়তা দেড় থেকে ৫ শতাংশে উন্নীত করায় প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানান। একই সঙ্গে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে সামঞ্জস্য রেখে বস্ত্র ও রপ্তানিমুখী তৈরি পোশাকশিল্পের জন্য সমন্বিত শুল্ক-কর, আর্থিক ও রপ্তানি সহায়ক নীতিমালা প্রণয়নের অনুরোধ করেন।

বিটিএমএ জানায়, বৈঠক শেষে সংগঠনের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে পাঁচ কোটি টাকার চেক হস্তান্তর করা হয়।

একগুচ্ছ দাবি বিজিএমইএর

এদিকে তৈরি পোশাকের শিল্পমালিকদের সংগঠন বিজিএমইএর নেতারাও গতকাল প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে তাঁর সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের দপ্তরে বৈঠক করেন। তাঁরা কারখানার উৎপাদন সচল রাখা ও নির্ধারিত সময়ে পণ্য জাহাজীকরণ নিশ্চিতে গ্যাস-বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার দাবি জানান। একই সঙ্গে বন্ডের নিরীক্ষা সহজীকরণ, বিমানবন্দরে অস্থায়ী কার্গো শেড নির্মাণ, গাজীপুরে শ্রমিক হাসপাতালের জন্য জমি বরাদ্দসহ কয়েকটি দাবি জানান তাঁরা।

বিজিএমইএর সভাপতি মাহমুদ হাসান খানের নেতৃত্বে প্রতিনিধিদলে ছিলেন সংগঠনের সহসভাপতি সেলিম রহমান, ইনামুল হক খান, মো. রেজোয়ান সেলিম, মিজানুর রহমান, ভিদিয়া অমৃত খান ও মো. শিহাব উদ্দোজা চৌধুরী।

বৈঠকে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। বিজিএমইএ এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

প্রধানমন্ত্রী শিল্পায়ন, কর্মসংস্থান সৃষ্টি ও রপ্তানি আয় বৃদ্ধিতে পোশাকশিল্পের অবদানের প্রশংসা করেন। তিনি পোশাক খাতের সুরক্ষা, সচল কারখানাগুলোর স্থায়িত্ব নিশ্চিত করা, নীতিগত সহায়তা সহজীকরণ ও বন্ধ কারখানা সচলে সরকারের ধারাবাহিক নীতিসহায়তার আশ্বাস দেন।

প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে বিজিএমইএর নেতারা আন্তর্জাতিক বাজারে প্রতিযোগী দেশগুলোর সঙ্গে তাল মিলিয়ে টিকে থাকার লক্ষ্যে সমন্বিত শুল্ক-কর, আর্থিক ও রপ্তানি সহায়ক নীতিমালা প্রণয়নের পাশাপাশি সার্বিক প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধিতে প্রয়োজনীয় নীতিগত সহায়তা দেওয়ার অনুরোধ জানান।

এ ছাড়া জাতীয় রাজস্ব বোর্ড বা বন্ড কর্তৃপক্ষের ঘন ঘন নিরীক্ষা জটিলতা দূর করতে শীর্ষস্থানীয় পেশাদার অডিট ফার্মগুলোর মাধ্যমে বার্ষিক কাস্টমস অডিট সম্পন্ন করার স্থায়ী নীতিমালার প্রস্তাব করেন বিজিএমইএর নেতারা। হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কার্গো হ্যান্ডলিং ধারণক্ষমতার স্বল্পতায় লিড টাইম বৃদ্ধি পাওয়ায় জরুরি ভিত্তিতে একটি 'অস্থায়ী কার্গো শেড' নির্মাণের দাবিও করেন তাঁরা।

একই সঙ্গে শ্রমিকের মানসম্মত ও সাশ্রয়ী স্বাস্থ্যসেবা নিশ্চিতে গাজীপুরে শ্রমিক হাসপাতালের জন্য জমি বরাদ্দ, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি) পরিপালন সহজ ও বেনাপোল বন্দরে সেবা সহজ করার দাবি করেন বিজিএমইএর নেতারা।

ঢাকা।

সমকাল

23 JUL 2026

এলডিসি উত্তরণ পেছানোর প্রস্তাব সাধারণ পরিষদে

■ সমকাল প্রতিবেদক

> জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ বাংলাদেশ ও নেপালের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে সাধারণ পরিষদের কাছে সুপারিশ করেছে

> ইকোসক সরাসরি তিন বছর প্রস্তুতিকাল বাড়ানোর সুপারিশ করলে বাংলাদেশের জন্য আরও ইতিবাচক হতো
>
> **ড. জাইদি সাত্তার**
> চেয়ারম্যান
> পলিসি রিসার্চ ইনস্টিটিউট

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে টেকসই ও নির্বিঘ্ন উত্তরণ নিশ্চিত করতে প্রস্তুতিকাল আরও তিন বছর বাড়ানোর সুপারিশ চেয়েছিল বাংলাদেশ। তবে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক) এ বিষয়ে নির্দিষ্ট কোনো সময়সীমা উল্লেখ না করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য জাতিসংঘের সাধারণ পরিষদের কাছে সুপারিশ করেছে।

গত মঙ্গলবার জাতিসংঘে অনুষ্ঠিত ইকোসকের বৈঠকে সদস্য রাষ্ট্রগুলো সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত নেয়। বুধবার জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে যা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, নেপালের এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতিকাল বাড়ানোর আবেদন সম্পর্কেও একই ধরনের সুপারিশ করেছে ইকোসক।

বৈঠকে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী প্রস্তুতিকাল তিন বছর বাড়ানোর অনুরোধের পটভূমি, প্রয়োজনীয়তা ও যৌক্তিকতা তুলে ধরেন। তিনি বলেন, এলডিসি থেকে মসৃণ, টেকসই ও স্থিতিশীল উত্তরণ নিশ্চিত করতে অতিরিক্ত প্রস্তুতিকাল অপরিহার্য।

বাংলাদেশ সরকার গত ১৮ ফেব্রুয়ারি জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (সিডিপি) কাছে এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতিকাল তিন বছর বাড়িয়ে ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত নির্ধারণের আবেদন জানায়। পরে গত ৬ এপ্রিল প্রধানমন্ত্রী তারেক রহমান এক চিঠিতে এ বিষয়ে জাতিসংঘ মহাসচিবের ব্যক্তিগত সহযোগিতা কামনা করেন। জুনে সিডিপি বাংলাদেশের আবেদনকে সমর্থন জানালেও প্রস্তুতিকাল কত দিনের জন্য বাড়ানো উচিত, সে বিষয়ে কোনো নির্দিষ্ট সুপারিশ করেনি।

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) সূত্রে জানা গেছে, ইকোসক বাংলাদেশের তিন বছর সময় বাড়ানোর আবেদনটি বিবেচনার জন্য সাধারণ পরিষদের কাছে পাঠিয়েছে। তবে তারা নির্দিষ্টভাবে তিন বছর সময় বাড়ানোর সুপারিশ করেনি। বরং কত দিনের জন্য প্রস্তুতিকাল বাড়ানো হবে, সেই সিদ্ধান্ত সাধারণ পরিষদের ওপর ছেড়ে দিয়েছে। একই সঙ্গে সিডিপির সমর্থনসংবলিত প্রতিবেদনও পাঠিয়েছে ইকোসক।

বাংলাদেশের স্থায়ী মিশনের সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বাংলাদেশ ও নেপালের আবেদন পর্যালোচনা করে সিডিপিও বিষয়টি সাধারণ পরিষদে উপস্থাপনের মত দিয়েছিল। সেই সুপারিশের ভিত্তিতেই আগামী ২৪ নভেম্বরের আগে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য সাধারণ পরিষদকে অনুরোধ করেছে ইকোসক। বাংলাদেশ ও নেপালের এলডিসি থেকে উত্তরণের বর্তমান নির্ধারিত তারিখ ২৪ নভেম্বর।

রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী এলডিসি থেকে বাংলাদেশের টেকসই উত্তরণের প্রতি সরকারের দৃঢ় অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, সাধারণ পরিষদ প্রস্তুতিকাল বাড়ানোর বিষয়ে ইতিবাচক সিদ্ধান্ত নিলে বাংলাদেশ প্রয়োজনীয় নীতিগত পদক্ষেপ ও সংস্কার বাস্তবায়নের পাশাপাশি এলডিসি-উত্তর সময়ের জন্য দেশের প্রস্তুতি আরও সুদৃঢ় করবে।

মন্তব্য জানতে চাইলে গবেষণা সংস্থা পলিসি রিসার্চ ইনস্টিটিউট অব বাংলাদেশের (পিআরআই) চেয়ারম্যান ড. জাইদি সাত্তার সমকালকে বলেন, ইকোসক যদি সরাসরি তিন বছর প্রস্তুতিকাল বাড়ানোর সুপারিশ করত, তাহলে বাংলাদেশের জন্য আরও ইতিবাচক হতো। এখন তিন বছর সময় দেওয়া হবে কিনা, তা নিশ্চিতভাবে বলা যাচ্ছে না।

তিনি বলেন, দীর্ঘদিন ধরেই এলডিসি উত্তরণের প্রস্তুতির কথা বলা হলেও বাণিজ্য খাতে প্রয়োজনীয় সংস্কার খুবই সীমিত। উত্তরণের পর ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাষ্ট্রসহ প্রধান রপ্তানি বাজারে প্রতিযোগিতা আরও বাড়বে। সেই প্রতিযোগিতায় টিকে থাকতে বাণিজ্য ও শুল্কনীতিতে ধাপে ধাপে প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়ন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রগতি অত্যন্ত কম। তাঁর ভাষায়, প্রয়োজনীয় সংস্কারের মূল্যায়ন করলে ১০০ নম্বরের মধ্যে ১০ নম্বরও পাওয়া যাবে না।

ড. জাইদি সাত্তার আরও বলেন, এখন বাংলাদেশের কূটনৈতিক তৎপরতা আরও জোরদার করা প্রয়োজন। ইউরোপীয় ইউনিয়নসহ জি-৭৭ভুক্ত দেশগুলোর একটি বড় অংশ বাংলাদেশের অবস্থানকে সমর্থন করছে। এ কারণে তিনি আশাবাদী। তাঁর মতে, সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশ একের পর এক বৈশ্বিক ধাক্কার মুখোমুখি হয়েছে এবং বর্তমানে মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিও বিশ্ব অর্থনীতিকে প্রভাবিত করছে। এমন বাস্তবতায় একটি এলডিসিকে দ্রুত উত্তরণের চাপ দেওয়া সমীচীন হবে না। একই প্রক্রিয়ায় নেপালও রয়েছে। এসব দিক বিবেচনায় নিয়ে সাধারণ পরিষদ বাংলাদেশের অনুকূলে ইতিবাচক সিদ্ধান্ত নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সরকারের পরিকল্পনা

অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, প্রস্তুতিকাল ২০২৯ সালের নভেম্বর পর্যন্ত বাড়ানোর আবেদন অনুমোদিত হলে ২০২৬-২৯ মেয়াদে অন্তত ২৫টি সংস্কার ও প্রস্তুতিমূলক কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে সরকারের। এর মধ্যে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়েছে বাণিজ্য, আর্থিক খাত, রাজস্ব ব্যবস্থা, বিনিয়োগ পরিবেশ এবং রপ্তানি সক্ষমতা বৃদ্ধিতে।

পরিকল্পনা অনুযায়ী দক্ষিণ কোরিয়া, ওমান, সংযুক্ত আরব আমিরাত, হংকং ও নিউজিল্যান্ডের সঙ্গে অগ্রাধিকারভিত্তিতে মুক্ত বাণিজ্য চুক্তি বা সমন্বিত অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি সম্পন্ন করা হবে। ব্যাংক খাতে বাংলাদেশ ব্যাংকের তদারকি ক্ষমতা জোরদার, সংকটাপন্ন সম্পদ ব্যবস্থাপনা আইন প্রণয়ন এবং বাণিজ্যিক ব্যাংকগুলোর বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা চালুর উদ্যোগ নেওয়া হবে।

রাজস্ব খাতে করের আওতা সম্প্রসারণ, জাতীয় রাজস্ব বোর্ড সম্পূর্ণ স্বয়ংক্রিয়করণ, কর তথ্যভান্ডারের ডিজিটাল সংযোগ, কর অব্যাহতি যৌক্তিক করা এবং ভ্যাট ব্যবস্থাপনা শক্তিশালী করার পরিকল্পনা রয়েছে। ব্যবসা সহজ করতে একক ডিজিটাল লাইসেন্সিং ব্যবস্থা, সাত দিনের মধ্যে প্রাথমিক লাইসেন্স প্রদান, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো এবং 'বাংলাবিজ' ওয়ান-স্টপ সেবা পূর্ণাঙ্গভাবে চালু করা হবে।

তৈরি পোশাকের বাইরে ওষুধ, চামড়া, তথ্যপ্রযুক্তি, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, পাট ও হালকা প্রকৌশল খাতে রপ্তানি বহুমুখীকরণ, শিল্প অবকাঠামো উন্নয়ন, বন্দর আধুনিকায়ন, শুল্ক সংস্কার এবং জাতীয় লজিস্টিকস নীতি বাস্তবায়নের মাধ্যমে পরিবহন ব্যয় কমানোর উদ্যোগ নেওয়া হবে। পাশাপাশি নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ, দক্ষ জনশক্তি গড়ে তোলা, পরিবেশ ও শ্রমমান উন্নয়ন, ইউরোপীয় ইউনিয়নের জিএসপি প্লাস সুবিধা অর্জনের প্রস্তুতি, ওষুধ খাতকে ডব্লিউটিওর মেধাস্বত্ব অব্যাহতি-পরবর্তী সময়ের জন্য প্রস্তুত করা, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাজস্ব ও মুদ্রানীতির সমন্বয়, সরকারি সেবার ডিজিটালাইজেশন, দুর্নীতি দমন এবং মন্ত্রণালয়ভিত্তিক নিয়মিত অগ্রগতি পর্যবেক্ষণের ব্যবস্থাও নেওয়া হবে।

ঢাকা।